



'সমাজো মন্ত্ৰ: সমিতি: সমানী'

**UNIVERSITY OF NORTH BENGAL**

B.A. Honours 1st Semester Examination, 2021

**CC1-BENGALI**

Time Allotted: 2 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**বিভাগ-ক**

১। নিম্নলিখিত যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাওঃ

$3 \times 8 = 24$

- (ক) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের পুঁথি কে, কত সালে, কোথা থেকে আবিষ্কার করেন ? পুঁথিটি কোন প্রতিষ্ঠান থেকে, কত সালে প্রকাশিত হয় ? পুঁথিটির মধ্যে প্রাপ্ত চিরকৃটে পুঁথিটির কী নাম পাওয়া যায় ?
- (খ) চৈতন্য পূর্ববর্তী ও চৈতন্য পরবর্তী দুইজন বৈষ্ণব পদকর্তার নাম লেখ। এই পদকর্তাদের পদ রচনার বৈশিষ্ট্য অনধিক পাঁচ লাইনে লেখ।
- (গ) মনসামঙ্গল কাব্যধারার আদি কবি কে ? পূর্ববঙ্গ ও উত্তরবঙ্গের দু'জন করে কবির নাম উল্লেখ করে মনসামঙ্গল কাব্যের চারটি বৈশিষ্ট্য লেখ।
- (ঘ) চৈতন্য পূর্ববর্তী ও পরবর্তী বাংলা সাহিত্যের ছয়টি পার্থক্য-বৈশিষ্ট্য লেখ।
- (ঙ) চর্যাপদ কে, কত সালে, কোথা থেকে আবিষ্কার করেন ? এই গ্রন্থটি কী নামে, কোথা থেকে, কত সালে প্রকাশিত হয় ?
- (চ) মধ্যযুগের সাহিত্যের ইতিহাসে সুবর্ণযুগ বলে কোন সময়সীমাকে চিহ্নিত করা হয় ? এই যুগকে সুবর্ণযুগ বলা হয় কেন, সংক্ষিপ্ত পরিসরে লেখ।

**বিভাগ-খ**

২। নিম্নলিখিত যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাওঃ

$6 \times 8 = 48$

(ক) ঢীকা লেখঃ

দ্বিজ মাধব, সন্ধ্যা ভাষা

- (খ) চণ্ডীমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবি কাকে বলা হয় ? তাঁর কাব্যকৃতি আলোচনা কর।
- (গ) “মহাভারতের কথা অমৃত সমান” - কবি কথিত এই উক্তি তাঁর মহাভারতের অনুবাদকে কতটা মৌলিক করে তুলেছে, সংক্ষিপ্ত আকারে তার পরিচয় দাও।
- (ঘ) চর্যাপদে প্রতিফলিত তদনীন্তন সমাজের যে চালচিত্র পাওয়া যায়, তার পরিচয় দাও।
- (ঙ) বৈষ্ণব কবি হিসাবে কবি চণ্ডীদাসের নিজস্বতা নিজের ভাষায় লেখ।
- (চ) বাংলার সমাজ-সংস্কৃতিতে তুর্কী আক্রমণের প্রভাব সম্পর্কে আলোচনা কর।

বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাওঃ

$12 \times 2 = 24$

- (ক) বাংলা সাহিত্যে কবি বিদ্যাপতিকে অন্তর্ভুক্তির যৌক্তিকতা বিচার কর।
- (খ) আরাকান রোসাঙ রাজসভার সাহিত্য মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাসে কেন বিশেষভাবে উল্লেখযোগ্য। এই রাজসভার অন্যতম কবি সৈয়দ আলাওলের কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (গ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের গুরুত্ব বাংলা সাহিত্যের ইতিহাসে কীভাবে ব্যাখ্যাত হয়, আলোচনা কর। প্রসঙ্গত এই কাব্যের গঠনগত বৈচিত্র্য কী? তার সানুপুঞ্জ উত্তর দাও।
- (ঘ) চর্যা পূর্ববর্তী বাঙালির সাহিত্যচর্চার পরিচয় দাও।

\_\_\_\_\_x\_\_\_\_\_